মুজিববর্ষের অঙ্গীকার,
নিরাপদ কর্মপরিবেশ
হোক সবার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
প্রশাসন ও উন্নয়ন শাখা
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০.

নম্বর ৪০.০১.০০০০.১০১.১১.০০২.২০.৯৫৬ তারিখ: ০৭ অক্টোবর ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধনী

বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২৫-০৩-২০২০ তারিখে আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা নির্ধারিত হবে। অতএব, ৩০-১০-২০২১ তারিখে কোন আবেদনকারীর বয়স ১৮ বছর পূর্ণ হলে আবেদন করতে পারবেন।

৭-১০-২০২১
ডা. সৈয়দ আবুল এহসান
যুগ্ম মহাপরিদর্শক
ফোন: ০২-৮৩৯১৪৬১
ফ্যাক্স: ০২-৮৩৯১৪২৫
ইমেইল: jig.admin@dife.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপ-মহাব্যবস্থাপক (মার্কেটিং ও ভাস), মার্কেটিং ও ভাস এর দপ্তর, টেলিটক বাংলাদেশ লিমিটেড

মুজিববর্ষের অঙ্গীকার,
নিরাপদ কর্মপরিবেশ
হোক সবার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর,
ঢাকা-১০০০.
www.dife.gov.bd

স্মারক নম্বর-৪০.০১.০০০০.১০১.১১.০১২.২১- ২৫৫

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পত্র নং-৪০.০০.০০০০.০২০.৯৯.০০৬.১৮.৯৭; তারিখ: ২৪-০৬-২০২১ মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নিম্নবর্ণিত রাজস্বখাতভুক্ত শুন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি নিয়োগের জন্য পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dife.teletalk.com.bd) এই ওয়েবসাইটে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে **পারবেন না** |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১০০০-২৬৫৯০/- | ০৩ (তিন) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা এবং<br>(গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলা যথাক্রমে ৮০ শব্দ ও ৫০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর ইংরেজি ও বাংলা যথাক্রমে ৩০ শব্দ ও ২৫ শব্দ। | (ক) **ঢাকা বিভাগের** নারায়ণগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, কিশোরগঞ্জ, **ময়মনসিংহ বিভাগের** ময়মনসিংহ, জামালপুর, **চট্টগ্রাম বিভাগের** ব্রাহ্মণবাড়িয়া, খাগড়াছড়ি, লক্ষীপুর, নোয়াখালী, রাঙামাটি, **রাজশাহী বিভাগের** জয়পুরহাট, সিরাজগঞ্জ, নাটোর, চাপাইনবাবগঞ্জ, **রংপুর বিভাগের** কুড়িগ্রাম, পঞ্চগড়, **খুলনা বিভাগের** ঝিনাইদহ, মাগুড়া, নড়াইল, সাতক্ষিরা, **বরিশাল বিভাগের** ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী জেলা এবং **সিলেট বিভাগের** মৌলভীবাজার। |
| ২ | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১০০০-২৬৫৯০/- | ০১ (এক) টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৩ | প্রধান সহকারী (গ্রেড-১৩) ১১০০০-২৬৫৯০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রী এবং<br>(খ) এম এস ওয়ার্ড ও এম এস এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা থাকতে হবে। | |
| ৪ | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) ১০২০০-২৪৬৮০/- | ০২ (দুই) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা এবং<br>(গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলা যথাক্রমে ৭০ শব্দ ও ৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর ইংরেজি ও বাংলা যথাক্রমে ৩০ শব্দ ও ২৫ শব্দ। | |

| ক্র: নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে **পারবেন না** |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ০৪ (চার) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটারের ব্যবহারের দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ২০ শব্দ ও ২০ শব্দ থাকতে হবে। | (খ) তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৬ | হিসাব সহকারী (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্য বিষয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) এম.এস. ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনায় পারদর্শিতা। | |
| ৭ | গাড়ী চালক (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ১৩ (তেরো) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |
| ৮ | অফিস সহায়ক (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | ১৬ (ষোলো) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | (ক) **ঢাকা বিভাগের** গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, **ময়মনসিংহ বিভাগের** নেত্রকোণা, **চট্টগ্রাম বিভাগের** চাঁদপুর, **রাজশাহী বিভাগের** পাবনা, বগুড়া, **রংপুর বিভাগের** কুড়িগ্রাম, পঞ্চগড়, **খুলনা বিভাগের** যশোর, মাগুড়া, নড়াইল জেলা।<br><br>(খ) তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:-**

১। ২৫ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে বাছাই প্রক্রিয়ায় উত্তীর্ণ হলে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর

বীর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে, যার সত্যায়িত কপি দাখিল করতে হবে।

২। আবেদনকারি বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারি যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এইমর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট বাছাই প্রক্রিয়ায় উত্তীর্ণ হলে দাখিল করতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাষিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে; মৌখিক পরীক্ষার সময় এ ধরনের চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।

৪। বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান, কম্পিউটার বিষয়ক সাধারণ জ্ঞান (প্রযোজ্য ক্ষেত্রে) বিষয়ে লিখিত পরীক্ষায় সকল ক্রমিকের প্রার্থীকে অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ প্রযোজ্য ক্ষেত্রে মৌখিক পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

৫। ০১,০২,০৩,০৪,০৫,০৬,০৭ নং ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি এবং অনলাইন ফি বাবদ ১১২/-(একশত বার) টাকা এবং ০৮ নং ক্রমিকে প্রার্থীদেরকে পরীক্ষার ফি এবং অনলাইন ফি বাবদ ৫৬/- (ছাপ্পান্ন) টাকা http://dife.teletalk.com.bd ওয়েবসাইট অনুসরণে প্রদান করতে হবে। পরীক্ষা ফি প্রদানের পর দাখিলকৃত আবেদন আর সংশোধন করা যাবে না।

৬। আবেদনে উল্লিখিত মোবাইল নম্বর সার্বক্ষণিক সক্রিয় রাখতে হবে। মোবাইল নম্বর পরীক্ষা সংক্রান্ত SMS পাওয়ার জন্য সক্রিয় না রাখার কারণে কোন তথ্য বা SMS পেতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। SMS প্রাপ্তির পর প্রার্থীকে নিজ উদ্যোগে প্রবেশ পত্র Download করে নিতে হবে।

৭। এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন/সংযোজন (যদি থাকে) পরীক্ষার সময়, স্থান ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের www.dife.gov.bd ওয়েবসাইটে-এ পাওয়া যাবে।

৮। **প্রার্থী'র যোগ্যতা যাচাইঃ**

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থী'র প্রার্থীতা আবেদনের যে কোন পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় পুরণকৃত আবেদনসহ সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সনদসমূহের ফটোকপি জমা দিতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা সরাসরি বাতিল করা হবে।

(খ) জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। বিশেষ কোটার প্রার্থীদেরকে বিশেষ কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(গ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যাক্তিকে বিয়ে করেন বা করার প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(ঘ) বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধিবিধান পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান ও কোটাপদ্ধতি অনুসরণ করা হবে।

০৯। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। **বিবিধঃ**

(ক) বিজ্ঞপ্তিটি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ওয়েবসাইট www.dife.gov.bd ওয়েবসাইট (http://dife.teletalk.com.bd) পাওয়া যাবে এবং এ নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হবে।

(খ) এই নিয়োগ বিজ্ঞপ্তি বা নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে পরিবর্তন/পরিবর্ধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(গ) নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঘ) নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত সকল কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

(ঙ) উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১১। বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্যপদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বাতিল এমনকি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এছাড়াও একাধিক পদের পরীক্ষা একই দিনে ও একই সময়ে গ্রহণের ক্ষমতাও কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী**

(ক) চাকরি প্রার্থীগণকে বা পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dife.teletalk.com.bd এই ওয়েব সাইটে আবেদন পত্র পূরণ করবেন।

**আবেদনের সময় সীমা নিম্নরূপঃ**

(i) Online-এ আবেদন পত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১০-১০-২০২১ খ্রিঃ সকাল ১০:০০টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ৩০-১০-২০২১ খ্রিঃ, বিকাল ৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈঘ্য ৩০০ x প্রাস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। **ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।**

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নিদের্শনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ০১,০২,০৩,০৪,০৫,০৬,০৭ নং ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) এবং অনলাইন ফি বাবদ ১২/-(বার) অফেরতযোগ্য মোট ১১২/-(একশত বার) টাকা এবং ০৮ নং ক্রমিকে প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা এবং অনলাইন ফি বাবদ ০৬/-(ছয়) টাকা অফেরতযোগ্য মোট ৫৬/-(ছাপান্ন) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না" ।

প্রথম SMS: **DIFE<Space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DIFE ABCDEF**

Reply Applicant's Name, TK.**112/56** will be charged as application fee. Your PIN is 12345678. To Pay fee Type **DIFE**<Space>Yes<Space> PIN and send to 16222

দ্বিতীয় SMS: **DIFE** <Space>**Yes**<Space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **DIFE Yes 12345678**

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for ------------.

Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dife.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS- এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি সকল পরীক্ষায় (লিখিত/ব্যবহারিক/মৌখিক) অংশগ্রহণের সময়ে প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **DIFE**<Space>**Help**<Space>**User**<Space>**User ID** and Send to 16222.

Example: DIFE Help USER ABCDEF

(ii) PIN Number জানা থাকলে **DIFE**<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN Number** and Send to 16222

Example: DIFE Help PIN 12345678

(ঝ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা dgorecruitment2019@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: **DIFE**,Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে), পরীক্ষার তারিখ, সময়, স্থান অথবা প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য www.dife.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে; এছাড়া QR Code এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। প্রার্থীগণকে নিয়োগ সংক্রান্ত বিষয়ে আপডেট থাকার জন্য উল্লেখকৃত ওয়েবসাইটে নিয়মিতভাবে দৃষ্টি রাখতে অনুরোধ করা যাচ্ছে।

(ঞ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**... শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

(ডাঃ সৈয়দ আবুল এহসান)
যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন শাখা)
ও
সদস্য সচিব "বাছাই ও পদোন্নতি কমিটি"
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর